

UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@gmail.com Website: www.updfcht.com

Ref:

Date: ৩ এপ্রিল ২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

পানছড়িতে ইউপিডিএফ নেতা নূতন কুমার চাকমার ভাই ও আরেক ইউপিডিএফ সদস্যের বাবাকে অপহরণের নিন্দা ও প্রতিবাদ

খাগড়াছড়ির পানছড়িতে জেএসএস সন্ত্রাস গ্রুপের সশস্ত্র সন্ত্রাসী কর্তৃক ইউপিডিএফের সহসভাপতি নূতন কুমার চাকমার ভাই ও আরেক ইউপিডিএফ সদস্য জুনান চাকমার বাবাকে অপহরণের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ বৃহস্পতিবার (৩ এপ্রিল ২০২৫) ইউপিডিএফের খাগড়াছড়ি জেলা সংগঠক অংগ্য মারমা সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে এ নিন্দা ও প্রতিবাদ জানান।


বিবৃতিতে তিনি আজ ও গতকাল সন্ত্রাস গ্রুপ কর্তৃক সংঘটিত অপহরণ ঘটনা তুলে ধরে বলেন, আজ সকাল ৭টার সময় সন্ত্রাস গ্রুপের ২০/২৫ জনের একদল সশস্ত্র সন্ত্রাসী পানছড়ির ধুকছড়া বাজারে হানা দিয়ে নিজ দোকান থেকে ইউপিডিএফ নেতা নূতন কুমার চাকমার ছোট ভাই উত্তম কুমার চাকমা(৫৫)-কে অপহরণ করে নিয়ে যায়। এর আগে গতকাল (বুধবার) সকালে একই সন্ত্রাসীরা উত্তর ধুকছড়া গ্রাম থেকে ইউপিডিএফ সদস্য জুনান চাকমার পিতা লক্ষী চাকমা (৬০)-কে অপহরণ করে নিয়ে গেছে। এছাড়া সন্ত্রাসীরা ইউপিডিএফ সদস্য তপন চাকমার পরিবারের লোকজনকে মেরে ফেলার হুমকি প্রদান করে।

অংগ্য মারমা বিবৃতিতে আরো বলেন, পার্বত্য চট্টগ্রামে পাহাড়ীদের ঐতিহ্যবাহী সামাজিক উৎসব বৈ-সা-বি'র প্রাক্কালে সন্ত্রাস গ্রুপের সশস্ত্র সন্ত্রাসীরা বেপরোয়া হয়ে উঠেছে। তারা এখন ইউপিডিএফের নেতা-কর্মীদের পরিবার ও আত্মীয়-স্বজনের ওপর আঘাত করছে। এ অবস্থা আর চলতে দেওয়া যায় না। জনগণকে অবিলম্বে এই সন্ত্রাস গ্রুপের সন্ত্রাসীদের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে।

বিবৃতিতে ইউপিডিএফ নেতা ক্ষোভ প্রকাশ করে বলেন, সন্ত্রাস গ্রুপের সশস্ত্র সন্ত্রাসীরা দীর্ঘদিন ধরে পানছড়ি উপজেলার ভারত সীমান্তবর্তী এলাকায় অবস্থান করে খুন, অপহরণ, চাঁদাবাজিসহ নানা সন্ত্রাসী কর্মকাণ্ড চালিয়েও প্রশাসন তাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নিচ্ছে না। উপরন্তু রাষ্ট্রীয় একটি বিশেষ স্বার্থান্বেষী মহল সন্ত্রাস গ্রুপের সন্ত্রাসীদের নানা সহযোগিতা দিয়ে যাচ্ছে।

ইউপিডিএফ নেতা অবিলম্বে অপহৃতদের উদ্ধারপূর্বক অপহরণকারী সম্ভ্র গ্রুপের সম্ভ্রাসীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনের প্রতি আহ্বান জানান। একই সাথে তিনি খুন, অপহরণের মতো মানবতা বিরোধী কর্মকাণ্ড বন্ধ করতে সম্ভ্র গ্রুপের প্রতি আহ্বান জানিয়েছেন।

বার্তা প্রেরক



নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।